

## শিক্ষা

শিক্ষার মুখ্য উদ্দেশ্য কি? শিক্ষার সহিত আমাদের মানব-জীবনের কোন অচ্ছেদ্য সম্বন্ধ আছে কি না তাহার উত্তর এক কথায় দেওয়া কঠিন। তবে উহার উদ্দেশ্য ও মানব-জীবনের সহিত সম্বন্ধ অল্প কথায় প্রকাশ করিতে যাইলে বলিতে হয় যে— শিক্ষা আমাদের কল্পনা-শক্তিকে বর্দ্ধিত করিয়া উহাকে অচেতন হইতে সচেতনে লইয়া যায়, জড়কে চৈতন্য দান করে, চিত্তকে অন্ধকার হইতে আলোকে চালিত করে ও কল্পনাকে কার্যকারিণী শক্তিতে পরিণত করে। শিক্ষার প্রকৃত উদ্দেশ্য দেশের চিত্তকে উন্নত করা, মানুষকে প্রকৃত মানুষ বলিয়া আখ্যাত করা। মনকে সবল ও দৃঢ় করিয়া গড়িয়া তুলাই শিক্ষার একমাত্র উদ্দেশ্য।

তবে শিক্ষা গঠন ও ঐক্য মূলক হওয়া দরকার। যদি উহা গঠন ও ঐক্য মূলক না হয় তাহা হইলে উহার ফল 'পানাপুকুরে' স্নানের তুল্য। উহা শরীর শীতল না করিয়া বরং গাত্রদাহের সৃষ্টি করে।

আবার শিক্ষা ধর্মমূলক হওয়া একান্ত প্রয়োজনীয়। যে শিক্ষা ধর্মমূলক নহে তাহা শিক্ষাই নহে। শিক্ষা, প্রেম ও ভক্তি মূলক না হওয়া একান্ত নীতিবিরুদ্ধ। যদি শিক্ষা দেশকে প্রেম না বিলায়, যদি উহা দেশকে দেশ বলিয়া গর্ব করিবার মনোভাব না দেয়, যদি উহা মাতৃভূমির শৃঙ্খল মোচনার্থ প্রধান সহায়রূপে দণ্ডায়মান না হয় তাহা হইলে উহা শিক্ষা নহে। যদি শিক্ষা মনে প্রেম ও ভক্তির পান জাগাইয়া দিয়া দেশকে ভালবাসিবার অধিকার দেয় তবেই শিক্ষা সার্থক।

শ্রীহীরালাল বসু  
তৃতীয় বার্ষিক শ্রেণী, কলা বিভাগ।